তারিখ ... 31-OCT-2002
পৃষ্ঠা ... কলাম ...

ভোরের কাগজ

# ঢা.বি ছাত্র রুবেল অবশেষে

● প্রথম পাতার পর

গতকাল রাত সাড়ে ৯টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কর্তব্যরত চিকিৎসক রুবেলকে মৃত ঘোষণা করেন। আহত হওয়ার পর থেকেই রুবেল অজ্ঞান অবস্থায় ছিল।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র রুবেলকে গত ২৫ অক্টোবর শুক্রবার রাত ৯টায় ফজলুল হক হলের সামনে ঢাকা-মিরপুর রুটের একটি বাসের হেলপার ধাক্কা দিয়ে বাস থেকে ফেলে দেয়।

জানা যায়, রুবেল ফজলুল হক হলের সামনে বাস থামাতে বললে বাসের হেলপার বাস থামাতে অস্বীকৃতি জানায়। বিষয়টি নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে রুবেলকে ধাক্কা দিয়ে নিচে ফেলে দিলে সে মাথায় গুরুতর আঘাত পায়। তাকে সঙ্গে সঙ্গে ঢাকা মেডিকেলে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে স্থানান্তর করেন।

ঐ দিন থেকেই আহত রুবেল অজ্ঞান অবস্থায় ছিল। গত কয়েকদিন ধরে কার্যত কোমায় বা ক্লিনিক্যালি ডেড অবস্থায় থাকার পর আহত হওয়ার ৬ দিন পর তাকে মৃত ঘোষণা করা হয়।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র রুবেল মারা যাওয়ার ঘটনায় প্রোক্টর অধ্যাপক আতিকুর রহমান বলেন, অত্যন্ত অনাকাঙ্ক্ষিত এ মৃত্যুর ঘটনা। নিজ সন্তান মারা যাওয়ার মতোই এ বিষয়টি খুব কষ্টের। তিনি ছাত্রদের সকল দাবি-দাওয়ার বিষয়ে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে বলে জানান। এদিকে রুবেলের মৃত্যুর সংবাদ ক্যাম্পাসে পৌঁছার পর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, প্রোক্টর এবং পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা একুশে হলে যান।

# ঢা.বি ছাত্র রুবেল অবশেষে মারা গেলো

কাগজ প্রতিবেদক : চলন্ত বাস থেকে ধাক্কা দিয়ে ফেলে দেওয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র রুবেল কায়সার (২২) অবশেষে মারা গিয়েছে। রুবেলের মৃত্যু সংবাদ কার্জন হল এলাকায় ছড়িয়ে পড়লে ছাত্রদের মধ্যে শোকের ছাঁয়া নেমে আসে। এদিকে মৃত্যুর পর রুবেলের আবাসিক হল একুশে হলের সামনে বেশকিছু পুলিশ মোতায়েন করা হয়েছে। এদিকে ● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৫